
দৈনিক
ইত্তেফাক

তারিখ 13 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# সৃজনশীল পদ্ধতি কি এতই জটিল?

মাহবুবুল হক ইকবাল



দেশের শিক্ষাব্যবস্থায় সৃজনশীল পদ্ধতি সময়োপযোগী সংযোজন। কিন্তু সমালোচনা পিছু ছাড়ছে না। আবহমানকাল থেকে শিক্ষার্থীদের পাঠ বিষয়সমূহ গলাধঃকরণ আর পরীক্ষার হলে উদগীরণের যে ব্যবস্থা চলে আসছিল তা থেকে মুক্তির জন্য এবং গোড়া থেকে সৃজনশীল মনস্ক করার জন্য মাধ্যমিকে ২০০৮-০৯ এবং উচ্চ মাধ্যমিকে ২০১০-১১ শিক্ষাবর্ষ থেকে সীমিত আকারে সৃজনশীল পদ্ধতির প্রয়োগ শুরু হয়। পাঠ্য বিষয়সমূহ সঠিকভাবে অনুধাবনের মাধ্যমে অর্জিত জ্ঞান অর্থবহ ও দীর্ঘস্থায়ী করা এবং দেশীয় শিক্ষাব্যবস্থাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে সৃজনশীল পদ্ধতির অবতারণা। তবে শুরুতেই সৃজনশীল পদ্ধতি এক শ্রেণির শিক্ষকের প্রবল বিরোধিতার সম্মুখীন হয়। তাঁরা নিজেরা পড়েন না এবং ক্লাসেও পড়ান না। যদি তাঁরা নিজেরা পড়তেন এবং পড়াতেন তাহলে বোধ করি সৃজনশীল পদ্ধতি এতদিনে সহজরূপে ধরা দিত। অন্য একটা অংশ আছেন প্রাইভেট আর কোচিং নিয়ে। তাঁরা সারা বছর ছাত্রছাত্রীদের কাছ থেকে লাখ লাখ টাকা আদায় করছেন। কিন্তু ছাত্রছাত্রীদের ফলাফল নিয়ে মাথা ঘামাচ্ছেন না। ২৫/৩০/৪০ জনের ব্যাচে পড়ে দিন তো দূরের কথা মাসে একটা প্রশ্ন স্যারকে করা যায় না। স্যারের সঙ্গে অধিকাংশের কোনো কথাই হয় না। ব্যাচের অনেককে স্যার ভালো করে চেনেনও না। স্যার পরিবেষ্টিত থাকেন ভালো ছাত্রছাত্রী বলে চিহ্নিত ব্যাচের ৪/৫ জন দ্বারা। বাকিরা বছরের পর বছর স্যারের গৃহে প্রাইভেট পড়ে। মাসে তাদের হাতে কয়েকটা নোট জমে। কিন্তু নোটের আগামাথা তারা ধরতে পারে না। স্যার নোট তৈরি করেন সাধারণত ঐ ৪/৫ জনকে মাথায় রেখে। ফলে কম মেধাবীরা বিপাকে পড়ে। এসব ছাত্রছাত্রীর হতাশা এই জায়গাটি থেকে শুরু হয়। যাদের বিত্ত আছে তারা চড়া দামে ঐ শিক্ষককে গৃহে এনে পড়ানোর ব্যবস্থা করে এবং যারা বিত্তহীন তারা হা-পিত্যেশ করে। ব্যাচের ৪/৫ জন ভালো ফলাফল করলেই চলে। ধরে নেওয়া হয় অন্যেরা মেধাহীন অথবা কম মেধাবী। একই স্যারের কাছে একই লেখাপড়া করে ৪/৫ জনার এ+ পাওয়ার অর্থই হলো অন্যেরা খারাপ। কিন্তু স্যার যে ক্লাসে পড়ালেন না, বাসায়ও এদের দিকে ফিরে তাকালেন না এখন এই প্রশ্ন আকাশের ঠিকানায় ছুড়ে দেওয়া ছাড়া সাধারণের গত্যন্তর নেই। এ অবস্থা থেকে উত্তরণ অসম্ভব নয়। প্রয়োজন শুধু ছাত্র-শিক্ষক-অভিভাবকের সমন্বিত প্রচেষ্টা।

বরিশাল

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর